রাজবাড়ীতে দাঁড়িয়ে থাকা ট্রাকে আগুন



ছবি: সংগৃহীত

রাজবাড়ী শহরে দোকানের সামনে দাঁড়িয়ে থাকা একটি ট্রাকে আগুন দিয়েছে দুর্বৃত্তরা। শনিবার (২১ নভেম্বর) দিবাগত রাত আড়াইটার দিকে পাবলিক হেলথ মোড় এলাকায় তাজ মটরস অ্যান্ড মেশিনারিজের সামনে এ ঘটনা ঘটে।

ট্রাকের মালিক মো. রফিকুল আলম স্বপন জানান, কে বা কারা ট্রাকে আগুন দিয়েছে, তা তিনি জানেন না। তবে দোকানের সিসিটিভি ক্যামেরার ফুটেজে মুখোশ পরা দুই ব্যক্তিকে পেট্রল ঢেলে ট্রাকে আগুন দিতে দেখা গেছে। পরে ফায়ার সার্ভিসের কর্মীরা এসে আগুন নেভান। ঘটনাস্থলে পুলিশও যায়।

রাজবাড়ী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) উত্তম কুমার ঘোষ বলেন, ট্রাকে আগুন জ্বলতে দেখে স্থানীয়রা ফায়ার সার্ভিস ও পুলিশকে খবর দেন। পরে ফায়ার সার্ভিসের কর্মীরা আগুন নিয়ন্ত্রণে আনেন। কারা এবং কী কারণে এ ঘটনা ঘটিয়েছে, তা এখনো জানা যায়নি। জড়িতদের শনাক্ত করতে তদন্ত চলছে।

LENS ASIA